

**AKASHVANI (Kolkata)**  
**Regional News Unit**

**Date: 30-10-2025**

**Desk in Charge : SDG**

**Time : 7-50 PM**

**Compiling : NBR**

**DEO : KB**

**NR : NBR**

Announcement :- আকাশবাণী / খবর পড়ছিঃ-

**বিশেষ বিশেষ খবরঃ-**

- ১/ নির্বাচন কমিশনের কঠোর লঁশিয়ারির পর ১৪৩ জন বুথ লেভেল অফিসার, আজ কাজে ঘোগ দিয়েছেন।
- ২/ SIR নিয়ে রাজ্যের মুখ্যমন্ত্রী, অযথা ভয়ের পরিবেশ তৈরি করেছেন বলে বিজেপি অভিযোগ করেছে। #পানিহাটিতে প্রদীপ করের মৃত্যুর পূর্ণাঙ্গ তদন্তের দাবীতে পরিবারের পক্ষ থেকে আজ থানায় FIR দায়ের করেছে। #বিজেপি এই ঘটনায় CBI তদন্তের দাবী জানিয়েছে।
- ৩/ দুর্গাপুরে বেসরকারি মেডিক্যাল কলেজে ডাক্তারি পড়ুয়াকে গণধর্ষণের মামলায় পুলিশ আজ দুর্গাপুর মহকুমা আদালতে চার্জশিট জমা দিয়েছে।
- ৪/ কলকাতার শ্যামাপ্রসাদ মুখার্জি বন্দর কর্তৃপক্ষ কলকাতা ও হুলদিয়া বন্দরের আধুনিকীকরণ ও উন্নয়নে মোট ৪৮ হাজার কোটি টাকারও বেশি মূল্যের একাধিক প্রকল্পের জন্য বিভিন্ন সংস্থার সঙ্গে সমরোতা চুক্তি স্বাক্ষর করেছে।
- ৫/ দক্ষিণ ছত্তিশগড় এবং সংলগ্ন এলাকায় থাকা গভীর নিম্নচাপটি শক্তি হারিয়ে সুস্পষ্ট নিম্নচাপে পরিণত হওয়ায়, রাজ্যের উত্তর থেকে দক্ষিণ, সব জেলা থেকেই বৃষ্টির খবর পাওয়া গেছে।
- ৬/ চন্দননগর এবং কৃষ্ণনগর সহ রাজ্যের বহু জায়গায় চলছে জগন্নাত্রীর আরাধনা।

\*\*\*\*\*

নির্বাচন কমিশনের কঠোর হাঁশিয়ারির পর কাজে যোগদান না করা ১৪৩ জন বুথ লেভেল অফিসার, আজ কাজে যোগ দিয়েছেন। গত প্রায় সাত মাস ধরে নির্বাচন কমিশন বুথ লেভেল অফিসারদের নিয়োগ এবং প্রশিক্ষণের কাজ শুরুর বার্তা দেওয়ার পরেও ওই আধিকারিকরা কাজে যোগ দেননি। এমনকি প্রশিক্ষণেও অংশ নেননি বলে অভিযোগ। তারপরেই তাঁদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার ইঙ্গিত দেওয়া হয় কমিশনের তরফে।

আজ দুপুর বারোটা-র মধ্যে তাঁদের কাজে যোগ দেওয়ার চূড়ান্ত সময়সীমা দেওয়া হয়েছিল। ওই নির্দেশ মেনেই আজ ১৪৩ BLO কাজে যোগ দিয়েছেন বলে জেলাশাসকদের তরফে কমিশনের কাছে রিপোর্ট দেওয়া হয়েছে। মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল জানিয়েছেন, এবারের SIR প্রক্রিয়া আগের থেকে আরও নিবিড়ভাবে করা হবে। প্রত্যেককে সুষ্ঠুভাবে দায়িত্ব পালনের জন্য তিনি আবেদন জানান।

অন্যদিকে, উত্তরবঙ্গের বন্যা বিধ্বস্ত এলাকায় ক্ষতিগ্রস্তদের পাশে দাঁড়াতে আজ সকাল থেকেই কোচবিহার, জলপাইগুড়ি ও দার্জিলিং-এ বিশেষ ক্যাম্প খুলেছে জেলা প্রশাসন। যাদের সমস্ত নথি নষ্ট হয়েছে, তাঁদের হাতে প্রত্যয়িত নকল নথি তুলে দেওয়ার কাজ শুরু হয়েছে।

\*\*\*\*\*

রাজ্যে এস আই আর (SIR) ঘোষণার সঙ্গে সঙ্গেই মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তরের ওয়েবসাইট ‘ক্র্যাশ’ করে ঘাওয়ায় সমস্যা সমাধানে ‘ন্যাশনাল ইনফর্মেটিক্স সেন্টার’- NIC-কে চিঠি দেওয়া হয়েছে। ওই সংস্থা ওয়েবসাইট সচল করার চেষ্টা করলেও, পরিস্থিতি এখনও স্বাভাবিক হয়নি বলে খবর।

উল্লেখ্য, SIR ঘোষণার সঙ্গে সঙ্গে রাজ্যের অধিকাংশ ভোটার ২০০২ সালের তালিকায় তাদের নাম রয়েছে কিনা তা দেখার জন্যে একসঙ্গে ওয়েবসাইট খোলার কারণেই এই বিপত্তি বলে জানা গেছে।

\*\*\*\*\*

SIR নিয়ে রাজ্যের মুখ্যমন্ত্রী, অযথা ভয়ের পরিবেশ তৈরি করেছেন বলে বিজেপি অভিযোগ করেছে। কলকাতায় আজ সাংবাদিকদের প্রশ্নের উত্তরে কেন্দ্রীয় মন্ত্রী সুকান্ত মজুমদার জানিয়েছেন, মমতা ব্যানার্জি, অভিষেক বন্দ্যোপাধ্যায় সহ শাসক দলের সাংসদ, বিধায়করা SIR নিয়ে উত্তেজক মন্তব্য করে মানুষকে ভয় দেখাচ্ছেন। এর ফলে আতঙ্কিত হয়ে পড়েছেন সাধারণ মানুষ। প্রদীপ কর সহ বেশ কয়েকটি আতঙ্ক্যার ঘটনায় দুঃখ প্রকাশ করে শ্রী মজুমদার বলেন, NRC আতঙ্কেই মৃত্যু হয়েছে কিনা, তা' খতিয়ে দেখা দরকার।

( বাইট- সুকান্ত/ SIR )

এদিকে কলকাতায় এক সাংবাদিক বৈঠকে বিজেপি নেতা রাহুল সিনহা জানিয়েছেন, SIR ও NRC আতঙ্কে পানিহাটি ও বীরভূমে দুজনের মৃত্যু হয়েছে বলে মুখ্যমন্ত্রী যে দাবি করেছেন তা সর্বেব মিথ্যা।

উল্লেখ্য, পানিহাটিতে প্রদীপ করের মৃত্যুর পূর্ণাঙ্গ তদন্তের দাবীতে পরিবারের পক্ষ থেকে আজ থানায় FIR দায়ের করেছে। বিজেপি এই ঘটনায় CBI তদন্তের দাবী জানিয়েছে।

\*\*\*\*\*

উত্তর ২৪ পরগণার অশোকনগর বিধানসভার ১৫৯ নাম্বার বুথের কোনো ভোটারের নামই নির্বাচন কমিশনের পোর্টালে ২০০২ সালের তালিকায় নেই বলে বিধায়ক নারায়ণ গোস্বামীর দাবী। বিষয়টি গুরুত্ব সহকারে খতিয়ে দেখার জন্য জেলা নির্বাচনী আধিকারিককে চিঠি দিয়েছেন তিনি। চিঠিতে জানিয়েছেন, ৫৯ নম্বর বুথের ওই

ভোটাররা অন্য কোনো বুথের সঙ্গে সংযুক্ত হয়নি। বিষয়টি অবাঞ্ছিত ও অনভিপ্রেত বলে নারায়ন বাবু জানিয়েছেন।

\*\*\*\*\*

কেন্দ্রীয় রেল, তথ্য ও সম্প্রচার এবং ইলেক্ট্রনিক্স ও তথ্য প্রযুক্তি মন্ত্রী অশ্বিনী বৈষম্বরে দেশের একাধিক রেল স্টেশনে আধুনিক সুযোগ সুবিধা সমৃদ্ধ ৭৬টি যাত্রী প্রতিক্ষালয় করার প্রস্তাব অনুমোদন করেছেন। এর মধ্যে পূর্ব রেলের হাওড়া শিয়ালদা ও আসানসোল স্টেশন এবং দক্ষিণ পূর্ব রেলের শালিমার স্টেশনটিও রয়েছে।

\*\*\*\*\*

কলকাতার শ্যামাপ্রসাদ মুখার্জি বন্দর কর্তৃপক্ষ কলকাতা ও হলদিয়া বন্দরের আধুনিকীকরণ ও উন্নয়নে মোট ৪৮ হাজার কোটি টাকারও বেশি মূল্যের একাধিক প্রকল্পের জন্য বিভিন্ন সংস্থার সঙ্গে সমঝোতা চুক্তি স্বাক্ষর করেছে। মুস্বইয়ে চলতি 'ইন্ডিয়া মেরিটাইম টাইক ২০২৫' সম্মেলনের মধ্যে গতকাল এই সমঝোতা চুক্তি স্বাক্ষরিত হয়। বন্দর কর্তৃপক্ষ গঙ্গার তীরের সৌন্দর্যায়নের পাশাপাশি বন্দরের জমি বাণিজ্যিকভাবে ব্যবহার করতে দুটি নামী রিয়েল এস্টেট সংস্থার সঙ্গে চুক্তিবদ্ধ হয়েছে। জানা গেছে, মধ্য কলকাতার আর্মেনিয়ান ঘাটে তৈরি হবে এক বড় মাপের আধুনিক বাণিজ্যিক প্রকল্প। অপর প্রকল্পটি হবে খিদিরপুর বন্দর সংলগ্ন এলাকায়। মেরিটাইম সম্মেলনে হলদিয়া বন্দরে রাসায়নিক সামগ্রী মজুত রাখার জন্য আধুনিক পরিকাঠামো তৈরিতে একটি বেসরকারি সংস্থা যুক্ত হচ্ছে।

অন্যদিকে, কলকাতা বন্দরে সিমেন্ট পরিবহনের জন্য নতুন টার্মিনাল গড়ে তোলার কাজেও এক সংস্থা চুক্তিবদ্ধ হয়েছে।

হাওড়ার দিকে গঙ্গার ধারে 'লন্ডন হাইল'-এর আদলে একটি বিনোদনমূলক স্থাপনা তৈরির পরিকল্পনাও নেওয়া হয়েছে। কলকাতা বন্দরের চেয়ারম্যান রথেন্দ্ররমণ

জানিয়েছেন, এই প্রকল্পগুলির লক্ষ্য বাণিজ্য প্রসার এবং কলকাতা ও হলদিয়া বন্দরের পরিকাঠামোগত শক্তি বৃদ্ধি করা। এতে রাজ্যের সামগ্রিক অর্থনৈতিক গতি আরও বাড়বে।

\*\*\*\*\*

কলকাতায় আজ শুরু হয়েছে একাদশতম আন্তর্জাতিক খনি সরঞ্জাম ও খনিজ বস্ত্র প্রদর্শনী।

বিগত বছরে দেশে এক বিলিয়ন টনের বেশি কয়লা উৎপাদন হয়েছে। পাশাপাশি কয়লা সরবরাহের ক্ষেত্রেও এক নতুন মাইলফলক অর্জন করা গেছে। তবে বিদ্যুৎ উৎপাদনের চাহিদা কম থাকায় আগের উভ্রেলিত কয়লাই মজুত রয়েছে। শ্রী দত্ত আরো বলেন, বর্তমানে অত্যাবশ্যকীয় খনিজ ('ক্রিটিকাল মিনারেলস') উৎপাদনেও বিশেষ জোর দেওয়া হচ্ছে। পাশাপাশি পুনর্নবীকরণ যোগ্য শক্তি উৎপাদনে সৌরবিদ্যুৎ সহ বেশ কিছু প্রকল্প হাতে নেওয়া হয়েছে।

\*\*\*\*\*

দুর্গাপুরে বেসরকারি মেডিক্যাল কলেজে ডাক্তারি পড়ুয়াকে গণধর্ষণের মামলায় পুলিশ আজ দুর্গাপুর মহকুমা আদালতে চার্জশিট জমা দিয়েছে। ঘটনার ২০ দিনের মাথায় এই চার্জশিট জমা হল। পুলিশ সূত্রের খবর, ধৃত সহপাঠি ওয়াসিফ আলির বিরুদ্ধে ধর্ষণ এবং অন্য তিনি অভিযুক্ত শেখ নাসিরউদ্দিন, অপু বাউরি ও শেখ ফিরদৌসের বিরুদ্ধে গণধর্ষণ সহ ডাকাতি ও তোলাবাজির চার্জ আনা হয়েছে। বাকি দুই ধৃত শেখ রিয়াজউদ্দিন এবং শেখ শফিকের বিরুদ্ধে জোর করে টাকা আদায়, ডাকাতি ও ছিনতাই-এর অভিযোগ এনেছে পুলিশ। আগামী দু'মাসের মধ্যে বিচারপ্রক্রিয়া শুরু হবে বলে বিশেষ সরকারি আইনজীবি বিভাস চট্টোপাধ্যায় আশা প্রকাশ করেছেন।

এই মামলার পরবর্তী শুনানি আগামীকাল।

\*\*\*\*\*

জগন্নাত্রীপুজোর আজ মহানবমী। সকাল থেকেই যথাবিহিত নিয়ম মেনে সর্বত্র পুজো সম্পন্ন হয়েছে নির্দিষ্ট সময়েই। আলোকনগরী চন্দননগরে এখন দর্শনার্থীদের ঢল। চন্দননগর থেকে আমাদের প্রতিনিধি রক্তিম ভট্টাচার্যের একটি প্রতিবেদন।

(ভিসি- রক্তিম)

\*\*\*\*\*

নদীয়ার কৃষ্ণনগরে আজ বিপুল উৎসাহ উদ্বীপনার মধ্যে দিয়ে চলেছে জগন্নাত্রীর আরাধনা। হগলীর রিষড়ায় আজ থেকে শুরু হয়েছে চার দিনের জগন্নাত্রী উৎসব।

বেলুড়মঠের সারদাপীঠ প্রাঙ্গন, সারদা মায়ের জন্মভিটে জয়রাম বাটি এবং কামারপুর রামকৃষ্ণ মঠেও সকাল থেকেই চলছে বিশেষ পুজো।

কলকাতার বাগবাজার সহ একাধিক এলাকার পাশাপাশি রাজ্যের বিভিন্ন জেলায় জগন্নাত্রী পুজোর আয়োজন করা হয়েছে।

\*\*\*\*\*

উচ্চমাধ্যমিকের তৃতীয় সেমিস্টারের ফল আগামীকাল প্রকাশিত হবে। বেলা সাড়ে বারোটায় সাংবাদিক বৈঠক করে আনুষ্ঠানিকভাবে ফল ঘোষণা করবেন উচ্চমাধ্যমিক শিক্ষা সংসদের সভাপতি চিরঞ্জীব ভট্টাচার্য। দুপুর দুটো থেকে অনলাইনে রেজাল্ট জানতে পারবেন পরীক্ষার্থীরা। উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদ গতকাল এক বিজ্ঞপ্তিতে জানিয়েছে, [result.wb.gov.in](http://result.wb.gov.in) এবং [www.results.shiksha](http://www.results.shiksha) ওয়েবসাইটে ফলাফল জানা যাবে।

\*\*\*\*\*

দক্ষিণ ছত্তিশগড় এবং সংলগ্ন এলাকায় থাকা গভীর নিম্নচাপটি শক্তি হারিয়ে উত্তর উত্তর পশ্চিমে সরে গিয়ে একটি সুস্পষ্ট নিম্নচাপে পরিণত হয়েছে। এর প্রভাবে আজ দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় বিক্ষিপ্তভাবে বৃষ্টির খবর পাওয়া গেছে। আলিপুরে বিকেল সাড়ে পাঁচটা পর্যন্ত প্রায় ২৮ মিলিমিটার বৃষ্টি রেকর্ড করা হয়েছে। দক্ষিণবঙ্গের উত্তরাংশের জেলা ছাড়াও উত্তরবঙ্গের হিমালয় সম্মিহিত জেলাঙ্গলিতে বৃষ্টির পূর্বাভাস থাকছে বলে আবহাওয়া দপ্তরের পূর্বাঞ্চলীয় প্রধান ডঃ হাবিবুর রহমান বিশ্বাস জানিয়েছেন।

(বাইট- হবিবুর)

\*\*\*\*\*

নিম্নচাপ ও ঘূর্ণাবর্তের জেরে অতিভারী বৃষ্টির পূর্বাভাস থাকায়, পর্যটকদের সুরক্ষায় জেলা প্রশাসন উত্তরবঙ্গের দার্জিলিং-এর পর্যটন কেন্দ্র সান্দাকফু ট্রেকিং বন্দ রাখার নির্দেশ দিয়েছে। পুনরায় বিজ্ঞপ্তি জারি না হওয়া পর্যন্ত এই নির্দেশ বলবত থাকবে। আজ থেকেই পর্যটকদের মানেভঙ্গন-এ আটকে দেওয়া হচ্ছে। এর পরে তাঁরা আর এগোতে পারবেন না বলে সরকার জানিয়েছে।

\*\*\*\*\*